দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 29 MAR 1989
পৃষ্ঠা 4 কলাম 4

(82)

031

## এসএসসি পরীক্ষা

# গাইবান্ধায় চারদিনে ৫৬৭ জন পরীক্ষার্থী বহিষ্কৃত

গাইবান্ধা, ২৫শে মার্চ (জেলা বার্তা পরিবেশক) :-পরীক্ষা কেন্দ্রে নকলের প্রবণতা বৃদ্ধি ও অসদুপায় অবলম্বনের দায়ে গাইবান্ধা জেলার ৭টি এসএসসি পরীক্ষা কেন্দ্র হতে গত ৪ দিনে ৫শ' ৬৭ জন পরীক্ষার্থী ও নকল সরবরাহে সহযোগিতার দরুন তিনজন শিক্ষককে বহিষ্কার করা হয়েছে। পরীক্ষা চলাকালে নকল সরবরাহের দায়ে ১৭ ব্যক্তিকে গ্রেফতার ও পুলিশের সাথে সংঘর্ষে ৭ ব্যক্তি আহত হওয়ার খবর পাওয়া গেছে।

গত ১৬ই মার্চ বাংলা ১ম ও ২য় পত্রের পরীক্ষা চলাকালে ২শ' ১৬ জন, ১৮ই মার্চ ইংরেজী ১ম ও ২য় পত্রে ১শ' ৮৯ জন, ২০শে মার্চ অংকে ১শ' ১৪জন ও ২২শে মার্চ ভূগোল পরীক্ষার দিনে ৪৮জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। গত ১৮ই মার্চ ইংরেজী পরীক্ষার দিন সুন্দরগঞ্জ কেন্দ্রের তিনজন শিক্ষককে নকল সরবরাহের দায়ে বহিষ্কার করা হয়। একই দিন সাদুল্লাপুর কেন্দ্রে সামীম কবীর নয়নকে গ্রেফতারের ঘটনাকে কেন্দ্র করে ৪০ মিনিট পর ইংরেজী ১ম পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হয়। গাইবান্ধা সদর কেন্দ্রে আইয়ুব আলী নামের একজন পথচারীকে গাইবান্ধা থানার এস, আই মাহবুব বেদম প্রহার ও পেটে লাথি মারায় তার পাকস্থলী ফেটে যায়। আইয়ুব আলী এখন গাইবান্ধা আধুনিক হাসপাতালে মৃত্যুশয্যায় ধুকছে।

এছাড়া গোবিন্দগঞ্জ, পলাশ-

(২-এর পাতায় দেখুন)

## এসএসসি পরীক্ষা

(৫ম পাতার পর)

বাড়ী, ফুলছড়ি, সাঘাটা, সুন্দরগঞ্জ, সাদুল্লাপুর পরীক্ষা কেন্দ্রে নকল সরবরাহ কিংবা অসদুপায় অবলম্বনে পরীক্ষার্থীকে সহযোগিতা করার জন্য পুলিশ মোট ১৭ জনকে গ্রেফতার করেছে এবং গোবিন্দগঞ্জে, পলাশবাড়ীতে ও ফুলছড়িতে পুলিশের সাথে সংঘর্ষে লিপ্ত ৭ ব্যক্তি আহত হয়।